



নং- ধবিম/হ:শা:৩/৪-২৩৭/২০১৩-৪৮৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী এয়ার কনফিডেন্স ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-৫৮৯), ১১৬-১১৭, ডি.আ.টি এক্সটেনশন রোড (৭ম তলা), জি.ন্যাট টাওয়ার, ফকিরাপুল, ঢাকা-১০০০ এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব মোঃ আবুল হোসাইন আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

“পুরাতন বাড়িতে রাখা হয়েছে, ২ দিন যাবৎ এসি না থাকা, কাবাঘর থেকে হোটেলের দূরত্ব ২ মাইল, ১২/১৩ জনকে এক রুমে রাখা হয়েছে, বাথরুমে দরজা আটকানোর ছিটকিনি নেই ও গণ বাথরুম, কোন রুমে ফ্রিজ নেই, রুমের তালা অকেজো, বাথরুমে ফ্লাশ ও এডজাস্ট ফ্যান নেই, খাবার পানি ব্যবস্থা নেই, পরিচিতি নম্বর সম্বলিত কোন কার্ড দেয়নি, বাড়ির নম্বর নেই, মোনাঞ্জেম কোন খৌজখবর নেয় নাই, দুটি লাগেজ হারিয়ে গেছে যা পাওয়া যায়নি।” এবং

যেহেতু আপনার এজেন্সিকে গত ২২.১২.২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:৩/৪-২৩৭/২০১৩-১৭৩ নং স্মারকমূলে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৪.১২.২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা গ্রহণযোগ্য বিবেচিত হয়নি; এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্ত কমিটি তদন্ত করেছে এবং অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং


যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত এয়ার কনফিডেন্স ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-৫৮৯) এর লাইসেন্স ০৫ (পাঁচ) বছরের জন্য স্থগিতসহ ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা জরিমানা করা হয়; এবং

যেহেতু আরোপিত শাস্তি মওকুফের জন্য আপনি রিভিউ আবেদন করেছেন এবং আপনার বক্তব্য উপস্থাপন করেছেন;

সেহেতু রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত এয়ার কনফিডেন্স ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-৫৮৯)-কে পূর্বে প্রদত্ত শাস্তি কমিয়ে হজ লাইসেন্স ০৩ (তিন) বছরের জন্য স্থগিতসহ ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা জরিমানা করা হলো।

০২। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ট্রেজারি চালানোর মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানোর মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০২.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব


ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তৌকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ মহিদুল ইসলাম, স্বত্বাধিকারী, এয়ার কনফিডেন্স ইন্টারন্যাশনাল ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-৫৮৯), ১১৬-১১৭, ডি.আ.টি এক্সটেনশন রোড(৭ম তলা), জি.ন্যাট টাওয়ার, ফকিরাপুল, ঢাকা-১০০০
১৩. অফিস কপি।


০২.১২.২০২০
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব